



“নকলকে না বলি, দিন বদলের দৃঢ় প্রত্যয়ে দেশটাকে গড়ে তুলি”

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোন : ০৮১-৭৬৩২৮, ওয়েবসাইট : www.cumillaboard.gov.bd



স্মারক নং : এফএসএম/বিবিধ/২০১৯/৭৫০

তারিখ : ০৩ নভেম্বর ২০১৯ খ্রি:

বিষয় : জেএসসি পরীক্ষা-২০১৯ এর ওএমআর ফরম ও উত্তরপত্রের প্যাকেট ডাকযোগে/হাতেহাতে প্রেরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে, চলমান জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষা-২০১৯ এর ওএমআর ফরমের ১ম অংশ ও উত্তরপত্রের প্যাকেট ডাকযোগে/ হাতে হাতে প্রেরণের ক্ষেত্রে অনেক কেন্দ্রের কেন্দ্র সচিবগণের দায়িত্বে অবহেলা পরিলক্ষিত হচ্ছে। এমতাবস্থায় ওএমআর ফরমের ১ম অংশ ও উত্তরপত্রের প্যাকেট ডাকযোগে/ হাতে হাতে প্রেরণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাসমূহ অনুসরণের জন্য অনুরোধ করা হলো :

১. পরীক্ষা শেষে ওএমআর ফরমের ১ম অংশ ও উত্তরপত্রের প্যাকেট সমূহ যথাশীঘ্র নিকটস্থ পোস্ট অফিসে প্রেরণ এবং ডাকে প্রেরণের রসিদ সংরক্ষণ নিশ্চিত করতে হবে।
২. যে সকল কেন্দ্র হাতে হাতে বোর্ডে উত্তরপত্র জমা দেন তাঁরা পরীক্ষা পরিচালনা কমিটির একজন শিক্ষক প্রতিনিধির মাধ্যমে নিরাপত্তার সহিত ওএমআর ফরমের উত্তরপত্রের প্যাকেট বিকাল ৫ টার মধ্যে বোর্ডে জমাদান নিশ্চিত করতে হবে।
৩. কোন কেন্দ্র বিকাল ৫ টার পরে উত্তরপত্র বোর্ডে জমা দিলে অবশ্যই তা পুলিশ প্রহরায় আনতে হবে।
৪. কালো গ্লাসের মাইক্রোবাস ব্যবহার করা, অফিস সহকারী/এমএলএসএস এর মাধ্যমে উত্তরপত্র বোর্ডে প্রেরণ করা যাবে না।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

০৩/১১/১৯

(ড. মোঃ আসাদুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

ফোন : ০৮১-৭৬১৭২

কেন্দ্রসচিব

এ বোর্ডের আওতাধীন জেএসসি পরীক্ষা -২০১৯ এর

অনুমোদিত সকল কেন্দ্র

স্মারক নং : এফএসএম/বিবিধ/২০১৯/৭৫০(০৭)

তারিখ : ০৩ নভেম্বর ২০১৯ খ্রি:

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. অতিরিক্ত সচিব (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৪. জেলা প্রশাসক, কুমিল্লা, চাঁদপুর, ব্রাহ্মণবাড়ীয়া, নোয়াখালী, ফেনী ও লক্ষ্মীপুর
৫. উপজেলা নির্বাহী অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা
৬. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা
৭. সংরক্ষণ নথি

০৩/১১/১৯

(ড. মোঃ আসাদুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

ফোন : ০৮১-৭৬১৭২

০৩/১১/১৯